

সমসংবাদ

জেএসসি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহে ২৫০ টাকা

■ মদন (নেত্রকোনা) প্রতিনিধি

মদন উপজেলায় জেএসসি ও জেডিসি পরীক্ষার প্রবেশপত্রের জন্য ২০০ থেকে ২৫০ টাকা পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলো আদায় করেছে বলে অভিযোগ উঠেছে। এ বছর উপজেলার তিনটি কেন্দ্রে ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এক হাজার ৯০৭ জন জেএসসি ও ৩৭০ জন জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছে। উপজেলার আলহাজ মোজাফফর আহম্মদ আলিম মাদ্রাসা থেকে জেডিসি পরীক্ষার্থী মেহেরুল নেছা ও আনোয়ার হোসেন জানায়, প্রবেশপত্র নিতে তাদের কাছ থেকে ২৫০ টাকা করে রাখা হয়। মাদ্রাসার অধ্যক্ষ মো. শামছুল আলম তালুকদার বলেন, 'প্রশাসনের অনুমতিক্রমেই আমি শিক্ষার্থীদের কাছ থেকে এ টাকা নিয়েছি।' উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুর রশিদ জানান, মাদ্রাসার ছাত্র কম থাকায় তাদের কেন্দ্র ফি ২৫০ এবং মাধ্যমিক বিদ্যালয়গুলোকে পরীক্ষার্থীদের কাছ থেকে ২০০ টাকা করে নেওয়ার জন্য নিজ নিজ প্রতিষ্ঠানপ্রধানকে বলা হয়েছে।